



নম্বর: ৭০

তারিখ: ২৭/২/২০

### বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ফরম আগামী ০২/০৩/২০২৫ তারিখ হতে ১৬/০৩/২০২৫ তারিখ পর্যন্ত অনলাইনে ফরম ডাউন লোড করে প্রিন্ট কপি নিতে হবে। আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি এবং অন্যান্য ফি বাবদ ১,৯৮৫/- (এক হাজার নয়শত পচাঁশি) টাকা জনতা ব্যাংক কলেজ বুথ শাখায় জমা দিতে হবে। আবেদন ফরম সকল ১০.০০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত (উত্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি কমিটির নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

#### ১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করার যোগ্যতা

- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২২ সাল বা তৎপূর্বে HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০/সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০/সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।
- O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেড সহ অত্রত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেড সহ অত্রত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।
- স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে কোন শিক্ষার্থী একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষা বোর্ড হতে আনাম পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে আবেদনকারীগণ কোর্সওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন কোর্স/বিষয় সংশ্লিষ্ট কলেজে অধিভুক্তি না থাকলে সে বিষয়ে রেজিস্ট্রেশন করা যাবে না।
- কারমাইকেল কলেজ, রংপুর-এর বিষয়সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক), ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ফিন্যান্স ও ব্যাংকিং, মার্কেটিং, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে। যে সকল বিষয়ে মাঠকর্ম বা বাবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

#### ২। সার্টিফিকেট কোর্সে আবেদন করার যোগ্যতা

- বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- বিষয়সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক), ইসলামি শিক্ষা, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং।

#### ৩। আবেদন ফরমের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র জমা দিতে হবেঃ

- মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
- সরকারী/আধা-সরকারী/ব্যয়ব্ধশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

- উপাধ্যক্ষ, এই কলেজ;
- আহবায়ক, ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশন কমিটি, এই কলেজ;
- কলেজ নোটিশ বোর্ড, এই কলেজ;
- কলেজ নোটিশ বোর্ড, এই কলেজ;
- সংরক্ষণ নথি।

অধ্যক্ষ  
কারমাইকেল কলেজ রংপুর

২৭.০২.২০২৫  
অধ্যক্ষ  
কারমাইকেল কলেজ রংপুর